



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৯৬

তারিখ: ১০ জৈষ্ঠ ১৪২৮

২৪ মে ২০২১

বিষয়: খাদ্যশস্য (খান-চাল-গম) ব্যবসায়ীদের (আড়তদার/পাইকারি) ব্যবসা কার্যক্রম পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে ধানের পরিপূর্ণ মৌসুম চলছে। বর্তমান সময়ে খোলা বাজারে ধানের প্রচুর সরবরাহ থাকে। মাঠ পর্যায়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকসহ বিভিন্ন স্থানের কর্মকর্তাগণের সাথে আলোচনা করে জানা যায় দেশের বিভিন্ন স্থানে বর্তমান ভরা মৌসুমে ধানের বাজারদর কিছুটা বৃদ্ধির প্রবণতা লক্ষ করা যাচ্ছে। বাজারে সক্রিয় বিভিন্ন ধরণের মিলার ও ব্যবসায়ী কর্তৃক সরকারি বিধি-বিধান অমান্য করে অধিক পরিমাণ ধান-চাল ক্রয়ের প্রবণতা রয়েছে। বিশেষ করে পাইকারি ও আড়তদারগণ কোন কোন ক্ষেত্রে খাদ্যশস্য লাইসেন্স ব্যতিরেকে ব্যবসা পরিচালনা করছেন মর্মে প্রতীয়মান হয়। লাইসেন্সবিহীন ব্যবসা পরিচালনা করার কারণে অনিয়মতান্ত্রিকভাবে বিপুল পরিমাণ ধান-চাল ক্রয় ও মজুত করার সুযোগ পাচ্ছেন। এতে খোলা বাজারে ধান-চালের কৃত্রিম চাহিদা সৃষ্টি হচ্ছে এবং বাজার মূল্য বৃদ্ধির প্রবণতা দেখা যাচ্ছে যা চলমান বোরো সংগ্রহ/২০২১ কার্যক্রমে লক্ষ্যমাত্রা অর্জনে অন্তরায় হয়ে দাঁড়াতে পারে। এ বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রী গত ০৪-০৫-২১, ০৫-০৫-২১, ০৬-০৫-২১ ও ০৯-০৫-২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত অনলাইন (জুম) সভায় একাধিকবার ব্যবসায়ী ও আড়তদারগণকে খাদ্যশস্য লাইসেন্স প্রদানসহ তাদের ব্যবসা পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করার নির্দেশ প্রদান করেছেন যার কার্যবিবরণী ১৫/০৫/২০২১ খ্রি: তারিখের ১৩.০০.০০০০.০৪৩. ৩৫.০০১.২১.৯৭নং স্মারকে তার বরাবর প্রেরণ করা হয়েছে। এক্ষণে খোলা বাজারে ধানের কৃত্রিম মূল্য বৃদ্ধি রোধে নিয়োগ্রস্ত ব্যবস্থাদি গ্রহণ করা যেতে পারে।

(ক) লাইসেন্সবিহীন খাদ্যশস্য ব্যবসায়ীদের (বিশেষ করে আড়তদার ও পাইকারী) বাধ্যতামূলক খাদ্যশস্য লাইসেন্স প্রদান নিশ্চিত করা;

(খ) খাদ্যশস্য ব্যবসায়ীদের প্রতি ০৭ (সাত) দিনের ক্রয়-বিক্রয় প্রতিবেদন (চালান, রশিদ ইত্যাদিসহ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ নিশ্চিতকরণ; অতঃপর আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ খাদ্য অধিদপ্তরের সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ ও সংগ্রহ বিভাগে সামাজি প্রতিবেদন প্রেরণ করবেন এবং

(গ) কেউ যাতে অনুমোদিত পরিমানের অধিক পরিমাণ খাদ্যশস্য অবৈধভাবে মজুত করতে না পারে তা নিশ্চিত করার লক্ষ্যে পরিবীক্ষণ জোরদার করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও খাদ্য পরিদর্শকগণকে কার্যকরী নির্দেশ প্রদান করতে অনুরোধ করা হল।

২৪-৫-২০২১

শেখ মুজিবর রহমান

মহাপরিচালক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৯৬/১(১২)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৮  
২৪ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়
- ৬) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



২৪-৫-২০২১

শেখ মুজিবর রহমান

মহাপরিচালক